গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
Tel 9144252-3, Fax 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

মুজিব শতবর্ষ

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

পত্র নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০১৬.২১-৬১

তারিখঃ ১৪/০৩/২০২১ খ্রিঃ

বিষয়ঃ বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, রাজশাহী প্রকল্পের এরিয়া লাইটিং ও বাউন্ডারি লাইটিং কাজের দরপত্র মূল্যায়ন বিষয়ে সিপিটিইউ'র মতামত।

সূত্রঃ-বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের পত্র নং-৫৬.০২.০০০০.০০৯.০৭.২১.১৯-১২৩৩; তারিখঃ ২৬/০১/২০২১

সূত্রে উল্লিখিত পত্রের বর্ণনা অনুযায়ী প্রতীয়মান হয় যে, ই-জিপিতে আহ্বানকৃত বিষয়োক্ত দরপত্রের মূল্যায়ন বিষয়ে দরপত্র মূল্যায়ন কমিটির (TEC) একজন সদস্যের ভিন্নমত (Note of dissent) প্রদান করা এবং এর সঙ্গে প্রাসঙ্গিক কতিপয় বিষয়ের ব্যাখ্যার প্রয়োজনে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর, ২০০৮) এর বিধি ৯৮(৩)(ঙ) এর আলোকে সিপিটিইউ'র মতামত চাওয়া হয়েছে।

০২। দরপত্র মূল্যায়ন প্রতিবেদনটি পর্যালোচনায় নিম্নবর্ণিত মতামত দেয়া হলোঃ

(ক) দরপত্র মূল্যায়ন কমিটির একজন সদস্য ভিন্নমত দিয়েছেন। তবে বিধি ৯৮(৩)(গ) এর সংস্থান অনুযায়ী ভিন্নমত পোষণ করার কারণ সবিস্তার উল্লেখ করা হয়নি। কেবল পিপিআর, ২০০৮ এর দু'টি বিধির [বিধি ৯৮(২) ও ৯৮(৫)] রেফারেন্স দিয়েছেন। মূল্যায়ন প্রতিবেদনের কোন অংশের জন্য উক্ত রেফারেন্স প্রযোজ্য এবং তার কারণ মূল্যায়ন প্রতিবেদনে উল্লেখ করা হয়নি।

(খ) অনুমোদনকারী কর্তৃপক্ষ মূল্যায়ন প্রতিবেদনের বিষয়ে সুনির্দিষ্ট ৩টি ব্যাখ্যা চেয়েছেন (সূত্রস্থ পত্রের সংযুক্তি-৩)। জবাবে TEC'র সভাপতি যে মতামত দিয়েছেন তা' চাহিত ব্যাখ্যার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ মর্মে প্রতীয়মান হয়নি। বিশেষ করে ২ ও ৩ ক্রমিকে চাহিত ব্যাখ্যার বিপরীতে প্রদত্ত জবাব উক্ত চাহিত ব্যাখ্যার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। অধিকন্তু, TEC সভাপতি সংশ্লিষ্ট দরপত্রের যে অংশসমূহ গৌণ বিচ্যুতি (Minor deviation) হিসেবে উল্লেখ করেছেন তা' কেন গৌণ বিচ্যুতি তা' বিধি ৯৮(৬) ও (৭) এর আলোকে স্পষ্ট করা হয়নি।

(গ) দরপত্র মূল্যায়ন প্রতিবেদনের TER-1 ফর্ম পর্যালোচনায় দেখা যায় একটি দরপত্র (Fairytale) 'Solvency' নামক নির্ণায়কে উত্তীর্ণ না হওয়া সত্ত্বেও কোনরূপ ব্যাখ্যা ব্যতীত উক্ত দরপত্রকে Accepted in preliminary evaluation হিসেবে বিবেচনা করা হয়েছে। Preliminary examination এ TEC'র করণীয় বিষয়ে আদর্শ দরপত্র দলিল e-PW3'র ITT Clause 45 দেখা যেতে পারে।

(ঘ) দরপত্র মূল্যায়ন প্রতিবেদনের TER-2 ফর্মে কতিপয় আবশ্যকীয় শর্ত (Mandatory criteria) প্রতিপালন করা না সত্ত্বেও দুটি দরপত্রকে কারিগরিভাবে রেসপনসিভ ঘোষণা করা হয়েছে যে বিষয়ে TEC'র কোন বক্তব্য পরিদৃষ্ট হয়নি। কারিগরি মূল্যায়ন বিষয়ে ITT Clause 46 দেখা যেতে পারে।

(ঙ) দরপত্র মূল্যায়ন বিষয়ে কারিগরি সাব-কমিটির প্রতিবেদনটি পর্যালোচনায় দেখা যায়, দরদাতা কর্তৃক BoQ তে উল্লিখিত পণ্যের বিনির্দেশ এবং Manufacturer Authorization Letter এ উল্লিখিত পণ্যের বিনির্দেশে তারতম্য রয়েছে। এ ধরনের বৈসাদৃশ্যকে কিভাবে গৌণ বিচ্যুতি হিসেবে বিবেচনা করা হলো সে বিষয়ে কারিগরি সাব-কমিটির কোন ব্যাখ্যা উক্ত প্রতিবেদনে পরিদৃষ্ট হয়নি। উল্লেখ্য, ই-জিপি সিস্টেম পর্যালোচনায় দেখা যায়, আলোচ্য দরপত্রে আদর্শ দরপত্র দলিল e-PW3 ব্যবহার করা হয়েছে। এ শ্রেণির (PW) আদর্শ দরপত্র দলিল ব্যবহার করা হয় 'কার্য' (Works) ক্রয়ের ক্ষেত্রে। এ দলিলের Section 7 ও 8 এ স্পেসিফিকেশন হিসেবে যা' উল্লেখ করা হয় ঠিকাদারকে কার্য বাস্তবায়ন পর্যায়ে উক্ত স্পেসিফিকেশন নিশ্চিত করতে হয় বলে দরদাতাকে আলাদা করে স্পেসিফিকেশন প্রস্তাব করার প্রয়োজন পড়ে না। অন্যদিকে ক্রয় কাজটি পণ্য (Goods) হলে পণ্যের স্পেসিফিকেশন

Scanned with CamScanner

অর্থাৎ এর 'বৈশিষ্ট', 'কার্যক্ষমতা' ইত্যাদি প্রধান নির্ণায়ক হিসেবে বিবেচিত হয়। ফলে এ ধরনের ক্রয়ের ক্ষেত্রে PG শ্রেনির আদর্শ দরপত্র দলিল ব্যবহার করতে হয়। এ দরপত্র দলিলসমূহে দরদাতা কর্তৃক স্পেসিফিকেশন প্রস্তাব করার জন্য আলাদা তফসিল থাকে। আলোচ্য দরপত্র দলিলে (e-PW3) স্পেসিফিকেশন এর জন্য আলাদা তফসিল না থাকায় দরদাতা স্পেসিফিকেশন প্রস্তাব করার সুযোগ পায়নি। BoQ তে পণ্যের যে স্পেসিফিকেশন ক্রয়কারী কর্তৃক উল্লেখ করা হয়েছে উক্ত তফসিলে (BoQ) মূল্য উদ্ধৃত করার সময় স্বয়ংক্রিয়ভাবে দরদাতাকে ক্রয়কারীর স্পেসিফিকেশন গ্রহণ (Accept) করতে হয়েছে কেননা BoQ তে দরদাতা কেবল মূল্য উদ্ধৃত করতে পারে। বিবেচ্য ক্রয়টি প্রকৃতপক্ষে 'কার্য' নাকি 'পণ্য' প্রকৃতির সেটি ক্রয়কারী পর্যালোচনা করতে পারে।

(চ) TEC'র সভাপতি সংযুক্তি-৪ এ অনুমোদনকারী কর্তৃপক্ষের উদ্দেশ্যে দুটি করণীয় বিষয়ের মধ্যে যে কোন একটি বিবেচনা করতে সুপারিশ করেছেন। প্রকৃতপক্ষে বিধি ৯৮(৩) এর আলোকে TEC'কে সুনির্দিষ্ট সুপারিশসহ (মূল্যায়িত সর্বনিম্ন গ্রহণযোগ্য দরদাতার অনুকূলে চুক্তি সম্পাদনের সুপারিশ অথবা সকল দরপত্র বাতিল করা) দরপত্র মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন করতে হবে।

০৩। উপর্যুক্ত পর্যবেক্ষণ বিবেচনায় নিয়ে দরপত্র মূল্যায়ন প্রতিবেদনটির বিষয়ে অনুমোদনকারী কর্তৃপক্ষ বিধি ১১'র আলোকে সিদ্ধান্ত প্রদান করতে পারে।

০৪। সূত্রে উল্লিখিত পত্রের মাধ্যমে বর্ণিত বিষয়ে প্রেরিত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হলো।

১৪.০৩.২০২১
(মুহম্মদ শামীম কিবরিয়া)
উপপরিচালক
(সিনিয়র সহকারী সচিব)
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

প্রকল্প পরিচালক
'বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, রাজশাহী' প্রকল্প
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
আইসিটি টাওয়ার, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা।

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৩. অফিস কপি।

Scanned with CamScanner